

الْحَقُّ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৫২ তম নাম ‘الْحَقُّ’ আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় ‘الْحَقُّ’ শব্দের মূল ق - ح - ق , এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ২৮৭ বার এসেছে। সত্যতা প্রমাণ করা, প্রতিষ্ঠা করা, অধিকার থাকা, সত্য ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْحَقُّ অর্থ: ‘ তিনি মহাসত্য’।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

ثُمَّ رُدُّوْا اِلَى اللّٰهِ مَوْلَاَهُمْ اَلْحَقَّ اِلَّا لَهٗ اَلْحُكْمُ وَهُوَ اَسْرَعُ اَلْحٰسِبِيْنَ ﴿٦٢﴾

তারপর তাদের ফেরত পাঠানো হয় তাদের প্রকৃত মাওলা আল্লাহর কাছে। জেনে রাখো, সমস্ত কর্তৃত্ব কেবল তাঁরই। আর হিসাব গ্রহণে তিনি সবচেয়ে দ্রুততম। (সূরা আনআ’ম: আয়াত নং ৬২)

فَذٰلِكُمْ اَللّٰهُ رَبُّكُمْ اَلْحَقُّ فَمَاذَا بَعْدَ اَلْحَقِّ اِلَّا الضَّلٰلُ فَاَنْتٰى تُصْرَفُوْنَ ﴿٣٢﴾

তিনি আল্লাহ, তোমাদের সত্য প্রভু। সত্য ত্যাগ করলে গোমরাহী ছাড়া আর কি থাকে? তাহলে তোমরা ঘুরে ফিরে কোন দিকে যাচ্ছ? (সূরা ইউনুস: আয়াত নং ৩২)

وَقُلْ جَاءَ اَلْحَقُّ وَزَهَقَ اَلْبٰطِلُ اِنَّ اَلْبٰطِلَ كَانَ زَهُوْقًا ﴿٨١﴾

আর বলো সত্য এসেছে, মিথ্যা অপসারিত হয়েছে, আর মিথ্যা তো অপসারিত হবারই। (সূরা আল বনি ইসরাইল: আয়াত নং ৮১)

একটি সুন্দর দোয়া:

اللهم أرنا الحق حقاً وارزقنا اتباعه وأرنا الباطل باطلاً وارزقنا اجتنابه -

হে আল্লাহ, সত্যকে সত্য হিসেবে গ্রহণ করার তৌফিক আমাদেরকে দান করো এবং সত্য অনুসরণ করার সামর্থ্য আমাদেরকে দান করো। মিথ্যাকে মিথ্যা হিসেবে দেখার তৌফিক আমাদেরকে দান করো এবং মিথ্যা থেকে বিরত থাকার ক্ষমতা আমাদেরকে দান করো।

প্রিয় ভাই ও বোনেরা! আসুন যিনি মহাসত্য আল্লাহ, তাঁর ও তাঁর রাসূলের অনুসরণ করি। আল্লাহর সাথে কাউকে শরিক না করি। কারণ শিরকের পাপ আল্লাহ ক্ষমা করবেন না। আল্লাহ আমাদের সহায় হোন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়াহমা তুল্লাহি ওয়াবরাকাতুহু।